# দ্বাদশ অধ্যায়: সফল উদ্যোক্তাদের জীবনী থেকে শিক্ষণীয়

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶ ১** জনাব জহুরুল ইসলাম বাংলাদেশের একজন সফল শিল্প উদ্যোক্তা। সংগঠক এবং বিখ্যাত সমাজসচেতন ব্যক্তি ছিলেন। তিনি ছিলেন অধ্যবসায়ী, দূরদৃষ্টিসম্পন্ন, নিষ্ঠাবান ও আত্মবিশ্বাসী। তিনি কর্মসংস্থানের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল প্রভৃতি গড়ে তুলেছেন। ◀ *শিখনফল-১*

ক. ইস্টার্ন হাউজিং কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. ব্যবসায় সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. কীভাবে জনাব জহুরুল ইসলাম নিজেকে সফল সংগঠক হিসেবে প্রতিষ্ঠিত করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. শিল্পোদ্যোক্তা হিসেবে জনাব জহুরুল ইসলামের অবদান মূল্যায়ন করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** ১৯৬৪ সালে ইস্টার্ন হাউজিং প্রতিষ্ঠিত হয়।

**খ** সমাজ ও সমাজ সংশ্লিষ্ট পক্ষসমূহের প্রতি কর্তব্য পালন করাই হলো ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা।

ব্যবসায়ের শুধু মুনাফা করলেই চলে না, সমাজের জন্য কল্যাণকর কাজও করতে হয়। কারণ, সমাজ থেকে সুযোগ-সুবিধা নিয়েই ব্যবসায় পরিচালিত হয়। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন এর সুনাম বাড়ায়। সঠিক মাল ও ওজনের পণ্য সরবরাহ, ভেজাল না দেওয়া, ন্যায্যমূল্য নির্ধারণ প্রভৃতি কাজ হলো ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার অংশ।

**গ** জহুরুল ইসলাম ব্যবসায়ে প্রতিভা, কঠোর পরিশ্রম, দূরদর্শিতা ও সৃজনশীলতার সমন্বয়ে নিজেকে সফল সংগঠক হিসেবে প্রতিষ্ঠিত করেছিলেন।

যিনি উদ্যোগ নেন তিনিই উদ্যোক্তা। একজন উদ্যোক্তা যখন নিজেকে সফল সংগঠক হিসেবে প্রমাণিত করতে পারেন, তখন তিনি সফল উদ্যোক্তা হিসেবে সমাজে প্রতিষ্ঠিত হন।

জহুরুল ইসলাম একজন শিল্পোদ্যোক্তা ও সফল সংগঠক। ব্যবসায়ের প্রতি একাগ্রতা ও আন্তরিকতা ছিল বলেই তিনি চাকরি ছেড়ে তৃতীয় শ্রেণির কন্ট্রাক্টর হিসেবে ব্যবসায় শুরু করেছিলেন। জমির দাম বাড়বে অনুমান করে তিনি ঢাকার আশপাশে প্রচুর জমি কিনে রেখেছিলেন। এক্ষেত্রে তিনি দূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন। এছাড়া তিনি কঠোর পরিশ্রমী ছিলেন এবং দক্ষতার সাথে ব্যবসায় পরিচালনা করেছেন। এভাবে পরিশ্রম, সততা, নিষ্ঠা ও আত্মবিশ্বাস তাকে সফল সংগঠক হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

**ঘ** শিল্পোদ্যোক্তা হিসেবে জনাব জহুরুল ইসলাম দেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

যিনি শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য উদ্যোগ নেন, তিনি শিল্পোদ্যোক্তা। ব্যবসায়ে ঝুঁকি আছে জেনেও তিনি মুনাফার প্রত্যাশায় তা পরিচালনা করেন।

জনাব জহুরুল ইসলাম বাংলাদেশে অসংখ্য (ইস্টার্ন হাউজিং, ক্রিসেন্ট ইন্টারন্যাশনাল লিমিটেড, অটোমোবাইলস লিমিটেড, ঢাকা ফাইবার্স লিমিটেড প্রভৃতি) শিল্প কারখানা প্রতিষ্ঠা করেছেন। তিনি বাড়ি, রাস্তা, ব্রিজ, সেচ ব্যবস্থা, স্যানিটেশন প্রভৃতি ক্ষেত্রে বিনিয়োগ করেছিলেন। তার গড়ে তোলা শিল্প প্রতিষ্ঠানে লক্ষ লক্ষ বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এতে দেশের বেকারত্ব কমেছে। তার শিল্পের মাধ্যমে বাংলাদেশের অবকাঠামোগত উন্নয়ন হয়েছে। শিল্প কারখানাগুলো মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করেছে। সরকার এসব শিল্প-কারখানার অর্জিত মুনাফা থেকে রাজস্ব আদায় করছে। এ রাজস্ব দেশের উন্নয়নে ব্যয় করা হচ্ছে।

জনাব জহুরুল ইসলাম সামাজিক দায়বদ্ধতা হিসেবে আশ্রম, শিশু প্রতিষ্ঠান, মাদ্রাসা, স্কুল, কলেজ প্রতিষ্ঠা করেছেন। তিনি মেডিকেল কলেজ, হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছেন। এ প্রতিষ্ঠানগুলো মানবতার কল্যাণে অবদান রাখছে। অতএব, বাংলাদেশের অর্থনৈতিক, সামাজিক প্রভৃতি ক্ষেত্রে জনাব জহুরুল ইসলামের মতো উদ্যোক্তাদের অবদান অনস্বীকার্য।

**প্রশ্ন ▶ ২** জহুরুল ইসলাম শিল্পজগতে পরিচিত একটি নাম। শুরুতে ছোট সরকারি চাকরি, এরপর তৃতীয় শ্রেণির কন্ট্রাক্টর। বর্তমানে আবাসন ব্যবসায়ের যে রমরমা অবস্থা, এর পথিকৃৎ তিনি। পরিশ্রম, সততা, নিষ্ঠা এবং আত্মবিশ্বাস তাকে সফল মানুষে পরিণত করেছিল। তার জীবনী থেকে আমাদের তরুণ উদ্যোক্তাদের অনেক কিছু শেখার আছে। ◀ *শিখনফল-৪*

ক. CIP-এর পূর্ণরূপ কী? ১

খ. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা ব্যাখ্যা করো। ২

গ. জহুরুল ইসলামের জীবনী থেকে নতুন উদ্যোক্তারা কী শিক্ষা নিতে পারেন? বিশ্লেষণ করো। ৩

ঘ. সফল উদ্যোক্তাদের জীবনী পাঠের গুরুত্ব আলোচনা করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** CIP-এর পূর্ণরূপ হলো— Commercially Important Person।

**খ** সমাজ ও সমাজ সংশ্লিষ্ট পক্ষসমূহের প্রতি কর্তব্য পালন করাই হলো ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা।

ব্যবসায়ের শুধু মুনাফা করলেই চলে না, সমাজের জন্য কল্যাণকর কাজও করতে হয়। কারণ, সমাজ থেকে সুযোগ-সুবিধা নিয়েই ব্যবসায় পরিচালিত হয়। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন এর সুনাম বাড়ায়। সঠিক মাল ও ওজনের পণ্য সরবরাহ, ভেজাল না দেওয়া, ন্যায্যমূল্য নির্ধারণ প্রভৃতি কাজ হলো ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার অংশ।

**গ** জহুরুল ইসলামের জীবনী থেকে নতুন উদ্যোক্তারা পরিশ্রম ও আন্তরিকতার শিক্ষা নিতে পারেন।

যিনি কঠোর পরিশ্রমের মাধ্যমে ব্যবসায়ের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করতে পারেন, তিনিই সফল উদ্যোক্তা। জহুরুল ইসলাম একজন স্বনামধন্য সফল উদ্যোক্তা।

উদ্দীপকের জহুরুল ইসলামের কথা বলা হয়েছে। তিনি সামান্য পুঁজি নিয়ে কন্ট্রাক্টরির ব্যবসায় শুরু করেছিলেন। পরবর্তীতে বাংলাদেশের সবচেয়ে বড় শিল্পপতি হয়েছিলেন। তিনি কঠোর পরশ্রমী ছিলেন। নতুন উদ্যোক্তারা তার জীবনী থেকে পরিশ্রমী হওয়ার শিক্ষা নিতে পারেন। তিনি সুযোগসন্ধানী ছিলেন বলে ঢাকার আশপাশে প্রচুর জমি কিনে রেখেছিলেন।

পরবর্তীতে জমিগুলোতে জহুরুল ইসলাম আবাসন ব্যবসায় গড়ে তুলেছেন। এ থেকে নতুন উদ্যোক্তারা সুযোগসন্ধানী দৃষ্টিভঙ্গি এবং সৃজনশীলতার শিক্ষা নিতে পারেন। তিনি কাজের প্রতি আন্তরিক ছিলেন। কোনো কাজকে ছোট করে দেখতেন না, যা একটি শিক্ষণীয় বিষয়। অর্থাৎ, একজন সফল উদ্যোক্তা হতে যে গুণাবলির প্রয়োজন, তার সবই জহুরুল ইসলামের ছিল। তার জীবনী নতুন উদ্যোক্তাদের জন্য শিক্ষণীয় হবে বলে আমি মনে করি।

**ঘ** সফল উদ্যোক্তাদের জীবনী পাঠ করে অনেক কিছু শেখা যায়।
সফল উদ্যোক্তাদের জীবনী নতুন উদ্যোক্তাদের জন্য দিক-নির্দেশক হিসেবে কাজ করে। এই জীবনী পাঠের মাধ্যমে উদ্যোক্তারা ব্যবসায় ক্ষেত্রে বিভিন্ন সুবিধা ও বাধা সম্পর্কে জানতে পারে।
জহুরুল ইসলাম একজন সফল শিল্পোদ্যোক্তা। তার মতো অসংখ্য সফল উদ্যোক্তা আছেন এদেশে। এ সকল উদ্যোক্তার জীবনী পাঠ করলে আমরা ব্যবসায় উদ্যোগ সম্পর্কে পরিপূর্ণ ধারণা অর্জন করতে পারবো। কীভাবে তারা প্রায় শূন্য হাতে ব্যবসায় শুরু করে আজ দেশের নামকরা শিল্পপতিতে পরিণত হয়েছেন তা উদ্যোক্তাদের জীবনী পাঠের মাধ্যমে জানা যাবে।
বাংলাদেশে বেকারত্বের হার বেশি। এ বেকার জনগোষ্ঠীকে ব্যবসায় উদ্যোগে অনুপ্রাণিত করা প্রয়োজন। বেকাররা যদি সফল উদ্যোক্তাদের জীবনী পাঠ করেন, তাহলে তারা উদ্যোগ নিতে আগ্রহী হবেন। এছাড়া নতুনরা ব্যবসায় স্থাপনের ক্ষেত্রে ঝুঁকি ও সম্ভাবনাগুলো সম্পর্কে ধারণা নিয়ে তাদের করণীয় নির্ধারণ করতে পারবেন। এভাবে সফল উদ্যোক্তাদের জীবনী সমাজের মানুষকে ধারণা উন্নয়ন ও উদ্যোগ নিতে আগ্রহী করে তুলবে।

**প্রশ্ন ▶৩** বাংলাদেশের শিল্প বাণিজ্যের ইতিহাসে অবিস্মরণীয় নাম জনাব স্যামসন এইচ চৌধুরী। তিনি ছিলেন স্কয়ার গ্রুপ-এর চেয়ারম্যান। তিনি কলকাতার বিষ্ণুপুর উচ্চ বিদ্যালয়-এ পড়াশোনা করেন সেখান থেকে তিনি ডিগ্রি অর্জন করেন। এরপর তিনি হার্ভার্ড ইউনিভার্সিটি স্কুল থেকে ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি অর্জন করেন। শিক্ষা জীবন শেষে তিনি নিজ গ্রামে ফিরে আসেন এবং ওষুধের ব্যবসায় পেশা হিসেবে নেন। পরবর্তীতে কয়েকজন বন্ধু মিলে স্কয়ার ফার্মাসিটিক্যালস স্থাপন করেন। ◀ *শিখনফল-২*

ক. উদ্যোক্তা কাকে বলে? ১
খ. উদ্যোক্তাকে সুযোগসন্ধানী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. স্কয়ার-এর পণ্য কেন দেশ-বিদেশে সমাদৃত? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব স্যামসন এইচ চৌধুরীর মতো শিল্পোদ্যোক্তারা সাফল্যের মূল ভিত্তি হিসাবে কী কী গুণাবলির কথা উল্লেখ করেছেন? ব্যাখ্যা করো। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** যিনি উদ্যোগ নেন তিনিই উদ্যোক্তা।

**উত্তর:** ঝুঁকি আছে জেনেও লাভের আশায় কোনো কষ্টসাধ্য কাজের উদ্যোগ নেন এমন ব্যক্তি হলেন উদ্যোক্তা।
তিনি তার বিচক্ষণ ক্ষমতা দিয়ে ব্যবসায় পরিবেশের বিভিন্ন সুযোগ-সুবিধা খুঁজে পান। এগুলো কাজে লাগিয়ে তিনি ব্যবসায়ের নতুন ক্ষেত্র তৈরি করেন। এতে তিনি সৃজনশীল কাজের মাধ্যমে সুযোগের সঠিক ব্যবহার করেন। আর তাকে পরিবর্তনশীল পরিস্থিতি মোকাবিলায় সঠিক সিদ্ধান্ত নিতে হয়। এতে উদ্যোক্তা সফলতা অর্জনে সবসময় সুযোগের সন্ধান করেন। তাই তাকে সুযোগসন্ধানী বলা হয়।

**গ** গুণগত মান, প্রতিযোগিতামূলক মূল্য ও কাজের শৃঙ্খলার কারণে স্কয়ার-এর পণ্য দেশ-বিদেশে সমাদৃত।
স্কয়ার গ্রুপ-এর প্রথম চেয়ারম্যান স্যামসন এইচ চৌধুরী। তিনি ছোট আকারে ব্যবসায় শুরু করে আজ বিশাল একটি গ্রুপের মালিক। স্কয়ার গ্রুপ-এর প্রসাধনী সামগ্রী, টেক্সটাইল, কৃষিপণ্য, তথ্য প্রযুক্তিসহ অনেক শিল্প প্রতিষ্ঠান তিনি স্থাপন করেছেন।
স্কয়ার-এর উৎপাদিত পণ্যগুলো দেশ ছাড়িয়ে বিদেশেও রপ্তানি হচ্ছে। কারণ এর পণ্য আন্তর্জাতিক মানসম্পন্ন। ফলে বিশ্ববাজারে প্রতিযোগিতায় সহজে টিকে থাকছে। আবার, প্রতিযোগিতামূলক মূল্য নির্ধারণ করায় পণ্য মূল্য বেশি রাখছে না স্কয়ার। এটি ক্রেতাদের কম দামে পণ্য কিনতে সহযোগিতা করছে। এছাড়া, এটি ধারাবাহিকভাবে চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন ও সরবরাহ করছে। ফলে ক্রেতারা স্কয়ার-এর পণ্য চাহিদা অনুযায়ী কিনতে পারছে। এগুলোই ক্রেতাদের কাছে প্রতিষ্ঠান সম্পর্কে ইতিবাচক ধারণা তৈরি করছে। তাই বলা যায়, গুণগত মান, প্রতিযোগিতামূলক মূল্য ও কাজের ধারাবাহিকতার কারণে স্কয়ার-এর পণ্য দেশে বিদেশে সমাদৃত।

**ঘ** জনাব স্যামসন এইচ চৌধুরীর মতো শিল্পোদ্যোক্তারা সাফল্যের মূল ভিত্তি হিসেবে উদ্যম, সাহস, পরিশ্রম, সততা ও শৃঙ্খলা প্রভৃতি গুণগুলোর কথা উল্লেখ করেছেন।
সফল উদ্যোক্তাকে বিভিন্ন গুণের অধিকারী হতে হয়। এসব গুণ তাকে সাফল্য এনে দেয়। আদর্শ উদ্যোক্তার যেসব গুণ থাকে তা স্যামসন এইচ চৌধুরীর ছিল। তাই বাংলাদেশের শিল্প ও বাণিজ্য জগতে তার নাম অবিস্মরণীয়।
স্যামসন এইচ চৌধুরী স্কয়ার গ্রুপ-এর চেয়ারম্যান। তিনি ভারত, ইংল্যান্ডসহ বিভিন্ন দেশে লেখাপড়া করেছেন। বিভিন্ন ডিগ্রি অর্জন করে তিনি দেশে ফিরে আসেন। এরপর শুরু করেন ওষুধের ব্যবসায়। তিনি ও তার কয়েকজন বন্ধু মিলে শুরু করেন স্কয়ার ফার্মাসিউটিক্যালস।
স্যামসন এইচ চৌধুরীসহ সফল উদ্যোক্তারা উদ্যমী ও সাহসী হন। তারা সাহস নিয়ে ব্যবসায় স্থাপন করে উদ্যমের সাথে পরিচালনা করেন। তারা কঠোর পরিশ্রম করে সাফল্য নিয়ে আসেন। এছাড়া, তারা সৎ থেকে ব্যবসায় করেন এবং ক্রেতাদের প্রতারিত করেন না। আবার, শৃঙ্খল জীবনযাপন করেন এবং প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা বজায় রাখেন। এভাবেই তারা সফলতা পান। তাই বলা যায়, উপরের বিষয়গুলোই স্যামসন এইচ চৌধুরীর মতো উদ্যোক্তারা সাফল্যের মূল ভিত্তি হিসেবে উল্লেখ করেন।

**প্রশ্ন ▶৪** উদ্যোক্তা হলো শিল্প বা ব্যবসায় প্রতিষ্ঠানের কান্ডারি। স্যামসন এইচ চৌধুরী হলেন তেমনি এ দেশের একজন কান্ডারি। ১৯২৬ সালের ২৫ সেপ্টেম্বর ফরিদপুরে তার জন্ম। শিল্প সৃষ্টির নেশা তাকে পৌঁছে দিয়েছে সফল শিল্পপতি ও সার্থক উদ্যোক্তার কাতারে। ধৈর্য, অধ্যবসায় ও সততা তাকে এনে দিয়েছে সাফল্য। ◀ *শিখনফল-২*

ক. কতজন শ্রমিক নিয়ে স্কয়ার ফার্মাসিউটিক্যালস স্থাপিত হয়? ১
খ. স্যামসন এইচ চৌধুরী ফার্মেসিকে কেন ব্যবসা হিসেবে নেন? ব্যাখ্যা করো। ২
গ. একজন সফল উদ্যোক্তা হিসেবে স্যামসন এইচ চৌধুরীর কী কী গুণ ছিল বলে তুমি মনে করো? ৩
ঘ. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে স্যামসন এইচ চৌধুরীর মতো উদ্যোক্তার ভূমিকা বিশ্লেষণ করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** ১২ জন শ্রমিক নিয়ে স্কয়ার ফার্মাসিউটিক্যালস স্থাপিত হয়।

**খ** বাংলাদেশের শিল্প-বাণিজ্যের ইতিহাসে এক অবিস্মরণীয় নাম স্কয়ার গ্রুপ-এর চেয়ারম্যান স্যামসন এইচ চৌধুরী।
তিনি তাঁর পিতার পেশার কারণে ছোটবেলা থেকেই ওষুধ নিয়ে নাড়াচাড়া করতেন। অর্থাৎ, ছোটবেলা থেকেই তাঁর ফার্মেসি ব্যবসায়ের প্রতি আগ্রহ তৈরি হয়। এসব বিষয় বিবেচনায় স্যামসন এইচ চৌধুরী ফার্মেসিকেই ব্যবসায় হিসেবে নেন।

**গ** একজন সফল উদ্যোক্তা হিসেবে স্যামসন এইচ চৌধুরীর মধ্যে ধৈর্য, অধ্যবসায়, সততা, মূল্যবোধ, নৈতিকতা, পরিশ্রমী গুণগুলো ছিল বলে আমি মনে করি।
বাংলাদেশের শিল্প-বাণিজ্যের ইতিহাসে অবিস্মরণীয় নাম স্যামসন এইচ চৌধুরী। তিনি স্কয়ার গ্রুপ-এর চেয়ারম্যান ছিলেন। উদ্যোক্তার গুণগুলো তার মধ্যে বিদ্যমান থাকায় তিনি সফলতা পেয়েছিলেন।
উদ্যোক্তা হলেন শিল্প বা ব্যবসায় প্রতিষ্ঠানের কান্ডারি। স্যামসন এইচ চৌধুরী হলেন তেমনি একজন কান্ডারি। তিনি ছিলেন কঠোর পরিশ্রমী। পরিশ্রম ছাড়া সফলতা লাভ করা কঠিন। তিনি সবসময় সৎ থেকেছেন। আবার, ক্রেতা ও ভোক্তাদের মানসম্মত পণ্য সরবরাহ করেছেন। এভাবে

নৈতিকতা ও মূল্যবোধ বজায় রেখেছেন। এতে ভোক্তারা তাকে বিশ্বাস করেছে এবং আস্থার সাথে তার পণ্য কিনেছে। তিনি বিপদে ধৈর্য ধারণ করেছেন এবং সুযোগের সদ্ব্যহার করেছেন। এভাবে সফলতা তার কাছে ধরা দিয়েছে। তাই উল্লিখিত গুণাবলির কারণে স্যামসন এইচ চৌধুরীকে আমি সফল উদ্যোক্তা বলে মনে করি।

**ঘ** একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে স্যামসন এইচ চৌধুরীর মতো উদ্যোক্তাদের ভূমিকা অপরিসীম বলে আমি মনে করি।
যে দেশে উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান যত বেশি, সে দেশের অর্থনীতি তত বেশি সমৃদ্ধ। উদ্যোক্তারা নতুন শিল্প স্থাপন করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেন। তারা দেশীয় সম্পদের সঠিক ব্যবহার করে দেশের অর্থনীতিতে অবদান রাখেন।
স্যামসন এইচ চৌধুরী উদ্যোক্তাদের মধ্যে একজন কান্ডারি। শিল্প সৃষ্টির প্রতি আগ্রহ তাকে সফল করেছে। তিনি হয়েছেন শিল্পপতি এবং নাম লিখিয়েছেন সার্থক উদ্যোক্তার কাতারে। ধৈর্য, অধ্যবসায় ও সততা তাকে এনে দিয়েছে সাফল্য।
স্যামসন এইচ চৌধুরীর মতো উদ্যোক্তারা তাদের শিল্প প্রতিষ্ঠানে দেশীয় কাঁচামাল ব্যবহার করেন। এতে সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত হয়। আবার, তাদের প্রতিষ্ঠানগুলোতে অনেকের কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি হয়। এতে আয়ের সুযোগ সৃষ্টি হয় এবং জীবনযাত্রার মানও বাড়ে। আবার, অতিরিক্ত উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করা হয়। অতএব, একটি দেশের উন্নয়নে স্যামসন এইচ চৌধুরীর মতো উদ্যোক্তাদের ভূমিকা অপরিসীম।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৫** স্যামসন এইচ চৌধুরী একটি ওষুধ কোম্পানি প্রতিষ্ঠা করেন। পণ্য উৎপাদন করে বাজারজাত করার আগে তিনি পণ্যের মান নির্ধারণ করে সনদপত্র নেন। তার উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় প্রতিষ্ঠানটি উচ্চ শিখরে অবস্থান করছে। *◀ শিখনফল-২*

ক. প্রতীক ব্যবহার করা হয় কেন? ১
খ. ট্রেডমার্ক বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. কোন সংস্থার মাধ্যমে পণ্যের মান যাচাই করা হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. স্যামসন এইচ চৌধুরী কীভাবে পণ্যের মান সম্পর্কে নিশ্চিত হন? বিশ্লেষণ করো। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** প্রতিযোগীর পণ্য থেকে নিজের পণ্যকে আলাদা করার জন্য প্রতীক ব্যবহার করা হয়।

**খ** ট্রেডমার্ক হলো পণ্যকে সহজে চিহ্নিত করার জন্য স্বতন্ত্র একটি প্রতীক।
এর মাধ্যমে মালিক নির্দিষ্ট পণ্যের ওপর স্বতন্ত্র চিহ্ন ব্যবহারের একক অধিকার লাভ করেন। এতে একদিকে ক্রেতা-ভোক্তাদের কাছে তার পণ্যের পরিচিত পায়। আবার, এর মাধ্যমে অসাধু ব্যবসায়ীদের জালিয়াতি রোধ করা যায়। ফলে ক্রেতা-বিক্রেতা উভয়ই এর সুফল লাভ করে।

*সুপার টিপস্‌: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** BSTI-এর ধারণা ব্যাখ্যা করো।

**ঘ** BSTI-এর কার্যাবলি বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶ ৬** মি. সুবহান স্বল্পপুঁজি নিয়ে টঙ্গীতে একটি গার্মেন্টস শিল্প স্থাপন করেন। তিনি স্বপ্ন দেখেন তার এ কারখানা একদিন অনেক বড় হবে। তিনি তার কারখানায় কয়েকজন শ্রমিক নিয়োগ দেন। তিনি পণ্যের গুণগত মানের সাথে কখনো আপোষ করেন না। তিনি কারখানার সব কাজ নিজেই দেখাশোনা করেন এবং কোনো কাজকে ছোট করে দেখেন না। *◀ শিখনফল-২*

ক. CIP কী? ১
খ. উদ্যোক্তা কীভাবে কর্মসংস্থান সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. মি. সুবহানের মধ্যে কোন শিল্পোদ্যোক্তার গুণাবলি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. সুবহানের মতো উদ্যোক্তাদের সামাজিক দায়বদ্ধতার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** যারা দেশের শিল্প ও বাণিজ্যে বিশেষ অবদান রাখে, তাদেরকে সরকারের পক্ষ থেকে CIP (Commercially Important Person) ঘোষণা করা হয়।

**খ** শিল্পের সম্প্রসারণ এবং নতুন উদ্যোগ নেওয়ার মাধ্যমে মানুষের জীবিকা অর্জনের সুযোগ করে দেওয়া হলো নতুন কর্মসংস্থান সৃষ্টি করা।
একজন উদ্যোক্তা তার সৃজনশীলতা দিয়ে সবসময় ব্যবসায়ের নতুন ক্ষেত্র তৈরির চেষ্টা করেন। কঠোর পরিশ্রমের মাধ্যমে তিনি ব্যবসায় প্রসারের চেষ্টা করেন। ফলে সেখানে অনেক লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। এতে বেকারত্বের হার কমে ও জাতীয় আয় বাড়ে। এভাবে উদ্যোক্তা ব্যবসায়ের নতুন ক্ষেত্রের মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি করে আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখেন।

*সুপার টিপস্‌: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** স্যামসন এইচ চৌধুরীর গুণাবলি তুলে ধরো।

**ঘ** উদ্যোক্তার সামাজিক দায়বদ্ধতা আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৭** মিসেস সামিয়া একজন এইচএসসি পাস করা গৃহবধূ। তিনি সংসারের আর্থিক অবস্থা সচ্ছল করার জন্য সরকারের পরিচালিত মাশরুম উন্নয়ন কেন্দ্র থেকে মাশরুম চাষের ওপর প্রশিক্ষণ নেন। তিনি নিজে বাড়িতে পতিত জমিতে ঋণ নিয়ে একটি মাশরুম খামার গড়ে তোলেন। মাশরুমের চাহিদা বাড়ায় তিনি ২ জন মহিলা কর্মী নিয়োগ দিয়ে খামারটি সম্প্রসারণ করেন। তার সফলতা দেখে গ্রামের অনেক বেকার যুবক-যুব মহিলা মাশরুম চাষে আগ্রহী হয়ে উঠে। *◀ শিখনফল-৩ ও ৪*

ক. কে উদ্যোগ নেয়। ১
খ. উদ্যোক্তাদের ক্ষেত্রে বাজার যাচাই গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. মিসেস সামিয়ার সফলতার মূল কারণগুলো ব্যাখ্যা করো। ৩
ঘ. মিসেস সামিয়া তার গ্রামের আর্থ-সামাজিক উন্নয়নে কী ভূমিকা রাখছেন তা বিশ্লেষণ করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** উদ্যোক্তা উদ্যোগ নেয়।

**খ** সঠিক পণ্য নির্বাচনে সক্ষমতা অর্জনের জন্য উদ্যোক্তার ক্ষেত্রে বাজার যাচাই করা গুরুত্বপূর্ণ।
এর মাধ্যমে পণ্যের চাহিদা, ক্রেতাদের দৃষ্টিভঙ্গি ও আগ্রহ, বাজারে প্রতিযোগীদের সংখ্যা এবং পণ্য বা সেবার সুযোগ-সুবিধা যথার্থভাবে যাচাই করা যায়। উদ্যোক্তা এসব কাজের মাধ্যমে সঠিক পণ্য নির্বাচন করতে পারলে যেকোনো প্রকল্প সফলভাবে বাস্তবায়িত হবে।

*সুপার টিপস্‌: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** উদ্যোক্তার গুণাবলি ব্যাখ্যা করো।

**ঘ** আর্থ-সামাজিক উন্নয়নে উদ্যোক্তার ভূমিকা লেখো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. বাংলাদেশে প্রথম রিয়েল এস্টেট ব্যবসায়ের প্রতিষ্ঠাতা কে?
K জহুরুল ইসলাম
L স্যামসন এইচ চৌধুরী
M জনাব জুবের আলী
N বগুড়ার নায়েব আলী

২. লুৎফা সানজিদা কোন প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছিলেন?
K ব্যাংক থেকে L গ্রামীণ ব্যাংক থেকে
M মাইডাস থেকে N প্রশিকা থেকে

৩. স্কয়ার গ্রুপ উন্নতি লাভ করেছে যেভাবে—
i. পরিশ্রমের মাধ্যমে
ii. সততার মাধ্যমে
iii. শৃঙ্খলার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৪. লিবার্টি জেন্টস টেইলার্সের স্বত্বাধিকারী কে?
K রাশেদা বেগম L সানজিদা বেগম
M সাজেদা বেগম N শাহিদা বেগম

৫. ব্যবসায়ী হিসেবে আবুল কালাম আজাদ প্রথমে কী বিক্রি করতেন?
K নারিকেল L পাট
M কাঁঠাল N ইলিশ

৬. দেশের সর্ববৃহৎ বেসরকারি মেডিকেল কলেজের প্রতিষ্ঠাতা কে?
K আর. পি. সাহা
L স্যামসন এইচ চৌধুরী
M জহুরুল ইসলাম
N তপন চৌধুরী

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
অফুরন্ত উদ্যম ও সাহস নিয়ে স্যামসন এইচ চৌধুরী ঔষধ উৎপাদন করেন। তার উদ্ভাবিত ঔষধের গুণগত মান উন্নত ছিল।

৭. স্যামসন এইচ চৌধুরীর ঔষধের গুণগত মান ছিল উন্নত। এটি কোন গুণের বহিঃপ্রকাশ?
K সততা L অধ্যবসায়ী
M পরিশ্রমী N উদ্যমী

৮. স্যামসন এইচ চৌধুরীর পুঁজি বলতে ছিল—
i. উদ্যম
ii. বৈদেশিক অনুদান প্রাপ্তি
iii. সাহস
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৯. ইস্টার্ন হাউজিং লিমিটেড-এর প্রতিষ্ঠাতা কে?
K স্যামসন এইচ চৌধুরী
L আবুল কালাম আজাদ
M জহুরুল ইসলাম N তপন চৌধুরী

১০. স্কয়ারের পণ্য বিদেশে সমাদৃত। কারণ এর রয়েছে—
i. গুণগত মান ii. উচ্চমূল্য
iii. প্রতিযোগিতামূলক মূল্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১১. স্যামসন এইচ চৌধুরী কত সালে ঔষধ কারখানা স্থাপনের লাইসেন্স পান?
K ১৯৪৫ L ১৯৫২
M ১৯৫৬ N ১৯৫৮

১২. ইসলাম গ্রুপ অব কোম্পানিজের আওতাধীন প্রতিষ্ঠান—
i. ইস্টার্ন হাউজিং ii. মিলনার্স লি.
iii. আফতাব অটোমোবাইলস
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৩. জহুরুল ইসলামের বাবা পেশায় কী ছিলেন?
K ডাক্তার L উকিল
M শিক্ষক N ঠিকাদার

১৪. স্যামসন এইচ চৌধুরী কোথা থেকে ডিপ্লোমা ডিগ্রি অর্জন করেন?
K ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়
L ঢাকা বিশ্বাবিদ্যালয়
M হার্ভার্ড ইউনিভার্সিটি স্কুল
N বোস্টন ইউনিভার্সিটি

১৫. নায়েব আলীর প্রাথমিক পুঁজি কত টাকা ছিল?
K ৫০০ L ১,০০০
M ১,৫০০ N ৩,০০০

১৬. কত টাকা পুঁজি নিয়ে জহুরুল ইসলাম বেঙ্গল ডেভেলপমেন্ট গড়ে তোলেন?
K ৩-৪ হাজার L ৩-৫ হাজার
M ৪-৫ হাজার N ৫-৬ হাজার

১৭. "ঢাকার আশপাশে এক সময় বসতি বাড়বে সেই সঙ্গে জমির চাহিদাও বাড়বে।" – এ উপলব্ধির মাধ্যমে জহুরুল ইসলামের মধ্যে উদ্যোক্তার কোন গুণটির পরিচয় পাওয়া যায়?
K দূরদর্শিতা
L সৃজনশীলতা
M সংবেদনশীলতা
N চ্যালেঞ্জ নেওয়ার মানসিকতা

১৮. পোস্ট অফিস নির্মাণের কাজ দিয়ে ব্যবসায় উদ্যোগ শুরু করেন কে?
K জহুরুল ইসলাম
L স্যামসন এইচ চৌধুরী
M এ. কে. আজাদ
N জুবের আলী

১৯. শ্রমিকবান্ধব শিল্পপতি কে?
K জহুরুল ইসলাম
L নায়েব আলী
M শাহেদা বেগম
N স্যামসন এইচ চৌধুরী

২০. স্যামসন এইচ চৌধুরী পণ্যের কোন দিকটিতে সবচেয়ে বেশি গুরুত্ব দিতেন?
K পণ্যের মূল্য L পণ্যের সাইজ
M গুণগত মান N মুনাফা

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব সাদমান একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। শিক্ষার হার বাড়ানোর লক্ষ্যে তিনি নিজ গ্রামে একটি বিদ্যালয় স্থাপনে ১০ লক্ষ টাকা ব্যয় করেন। উক্ত বিদ্যালয়ে ৫০ জন শিক্ষক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হয়। এতে তার সুনাম বাড়ে।

২১. কোন ধরনের দায়বদ্ধতা থেকে জনাব সাদমান বিদ্যালয় স্থাপন করেন?
K সামাজিক L রাষ্ট্রীয়
M ব্যক্তিগত N পারিবারিক

২২. দেশকে এগিয়ে নিতে জনাব সাদমানের মতো উদ্যোক্তারা ভূমিকা রাখেন—
i. কর্মসংস্থান সৃষ্টিতে
ii. জীবনযাত্রার মান উন্নয়নে
iii. গ্রামীণ অবকাঠামো উন্নয়নে
নিচের কোনটি সঠিক ?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৩. জহুরুল ইসলাম কত সালে চাকরি ছেড়ে দেন?
K ১৯৫০ L ১৯৫১
M ১৯৫২ N ১৯৫৩

২৪. জহুরুল ইসলামকে প্রথম শ্রেণির ঠিকাদারে উন্নীত করতে সহায়তা করেছে—
i. কাজের সততা ii. গুণগত মান
iii. স্বজনপ্রীতি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৫. আবুল কালাম আজাদ কত টাকা নিয়ে ব্যবসায় শুরু করেছিলেন?
K ৫৫০ L ৩৫০
M ৪৫০ N ৬৫০

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
জহুরুল ইসলাম বাংলাদেশের একজন সেরা উদ্যোক্তা। তিনি ভবিষ্যৎ সম্ভাবনার ব্যাপারে ছিলেন সুস্পষ্ট জ্ঞানের অধিকারী। নতুন নতুন ব্যবসায়ের ক্ষেত্র নির্বাচনেও পারদর্শী ছিলেন। সব মিলিয়ে তিনি একজন প্রতিভাবান ব্যবসায়ী ব্যক্তিত্ব। তিনি পরিশ্রমের মাধ্যমে তার জীবনে সফলতা অর্জন করেছেন।

২৬. ভবিষ্যৎ সম্ভাবনার ব্যাপারে সুস্পষ্ট জ্ঞানের অধিকারী বলতে জহুরুল ইসলামের কোন গুণটি প্রকাশ পেয়েছে?
K সৃজনশীলতা L দূরদর্শিতা
M অধ্যবসায়ী N একাগ্রতা

২৭. উদ্দীপকের আলোকে জহুরুল ইসলাম হলেন—
i. প্রতিভাবান ii. পরিশ্রমী
iii. রাজনীতি সচেতন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৮. আবুল কালাম আজাদ বাবার সাথে বাজারে গিয়ে কী দেখে ব্যবসায়ে মনোনিবেশ করার চিন্তা করলেন?
K নারিকেল বিক্রি L ইলিশ মাছ বিক্রি
M আম বিক্রি N কাঁঠাল বিক্রি

২৯. রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড প্রদান করে কোন প্রতিষ্ঠান?
K চ্যানেল আই L আজাদ প্রোডাক্টস
M স্কয়ার গ্রুপ N নাভানা লিমিটেড

৩০. জহুরুল ইসলাম কোথায় টিম্বার কারখানা স্থাপন করেন?
K ঢাকা L গাজীপুর
M সাভার N চট্টগ্রাম

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** মনিরুল ইসলাম অল্প পুঁজি নিয়ে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি তার কারখানায় কয়েকজন শ্রমিকও নিয়োগ দেন। তিনি স্বপ্ন দেখেন তার এই কারখানা একদিন অনেক বড় হবে। তিনি পণ্যের গুণগত মানের সাথে কখনো আপস করেন না। এছাড়া তিনি কারখানার উপর থেকে নিচ পর্যন্ত সব কাজ করেন এবং কোনো কাজকে ছোট করে দেখেন না।

ক. CIP কী? ১
খ. স্কয়ার গ্রুপের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করো। ২
গ. মনিরুল ইসলামের মধ্যে কোন শিল্প উদ্যোক্তার গুণাবলি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মনিরুল ইসলামের মতো উদ্যোক্তাদের সামাজিক দায়বদ্ধতার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

**২.▶** জনাব আলম সামান্য পুঁজি নিয়ে ছোট আকারে একটি চায়ের দোকান শুরু করেছিলেন। তার পরিশ্রম ও মেধার যথাযথ ব্যবহারে তিনি ব্যবসায়ে সাফল্য অর্জন করেন। সদা হাস্যময় আলম কখনো ব্যর্থতার কাছে হার মানেননি। আজ সমাজে তিনি প্রতিষ্ঠিত। তিনি সমাজের ধর্মীয় ও সামাজিক কর্মকাণ্ডেও সমান ভূমিকা পালন করেন।

ক. ইস্টার্ন হাউজিং কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি কারা? ২
গ. সফল উদ্যোক্তার কোন গুণটির কারণে জনাব আলম ব্যবসায়ে আজ প্রতিষ্ঠিত? ব্যাখ্যা করো। ৩
ঘ. একজন ব্যবসায়ীর সাফল্যে সামাজিক কর্মকাণ্ড কীভাবে প্রভাব ফেলে? বিশ্লেষণ করো। ৪

**৩.▶** জনাব সাত্তার ১৯৬৪ সালে ঢাকা শহরে বসতি বাড়ানোর কথা চিন্তা করে 'নর্দান' হাউজিং লি. প্রতিষ্ঠা করেন। এছাড়া তিনি অনেকগুলো শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলেন। সেখানে লক্ষাধিক মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে।

ক. স্যামসন এইচ চৌধুরীর প্রতিষ্ঠিত প্রথম ব্যবসায় প্রতিষ্ঠানের নাম কী? ১
খ. উদ্যোক্তাদের এসএমই ফাউন্ডেশনের পুরস্কার দেওয়ার কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন উদ্যোক্তার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে জনাব সাত্তার-এর শিল্প প্রতিষ্ঠানের অবদান মূল্যায়ন করো। ৪

**৪.▶** জনাব লুৎফা স্থানীয় পর্যায়ের একজন সফল উদ্যোক্তা। তিনি ১৫ হাজার টাকা নিয়ে ব্যবসায় শুরু করে আজ কোটিপতি। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে তিনি প্রতিবন্ধী নারী, স্বামী পরিত্যক্তা ও নির্যাতিত নারীদের বিনামূল্যে প্রশিক্ষণ দিয়ে কর্মসংস্থানে সহায়তা করেন।

ক. একজন উদ্যোক্তার মূলমন্ত্র কী? ১
খ. স্কয়ার গ্রুপের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান চিহ্নিত করো। ২
গ. জনাব লুৎফা কীভাবে স্থানীয় পর্যায়ের একজন সফল উদ্যোক্তা হয়েছেন? বর্ণনা করো। ৩
ঘ. জনাব লুৎফার মতো উদ্যোক্তার সামাজিক দায়বদ্ধতার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

**৫.▶** স্বামীর অকালমৃত্যুতে জান্নাতুল মাওয়া দুই সন্তানকে নিয়ে মহাসংকটে পড়েন। বাধ্য হয়ে স্বামীর টেইলার্সটির পরিচালনার দায়িত্ব নেন। দোকানের কর্মচারীদের কাছে টেইলারিং শেখেন। শুরুতে পরিবারের সদস্যরা বিরোধিতা করেন। জান্নাতুল মাওয়া কারও কথা না শুনে পুরো উদ্যমে কাজ চালিয়ে যান। আরও ভালো কারিগর হওয়ার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন একটি সংস্থা থেকে প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণ শেষে ঐ সংস্থা থেকে ঋণ নিয়ে দোকানটি আরও সম্প্রসারণের সিদ্ধান্ত নেন।

ক. ইসলাম গ্রুপ অব কোম্পানি কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. CIP কীভাবে নির্বাচন করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. জান্নাতুল মাওয়ার সাথে পাঠ্যবইয়ের কোন উদ্যোক্তার বৈশিষ্ট্যের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জান্নাতুল মাওয়া কোন প্রতিষ্ঠানের সাহায্য নিয়েছেন বিশ্লেষণ করো। ৪

**৬.▶** জনাব সেলিনা হোসেন অসুস্থ স্বামীর মৃত্যুর পর চার মেয়েকে নিয়ে চোখে অন্ধকার দেখেন। শেষ সম্বল সামান্য গহনা বিক্রি করে ৫০,০০০ টাকা নিয়ে স্বামীর টেইলারিং ব্যবসায়টি শুরু করেন। আত্মীয়স্বজন ও সমাজের লোকেরা এই কাজে তাকে সমর্থন করেনি। তিনি শক্ত হাতে হাল ধরে আত্মবিশ্বাস ও কঠিন মনোবল নিয়ে আধুনিক লেডিস টেইলার্স গড়ে তোলেন। এভাবেই সাধারণ গৃহবধূ থেকে বড় মাপের ব্যবসায়ী হয়ে ওঠেন।

ক. মিলনার্স লিমিটেড-এর প্রতিষ্ঠাতা কে? ১
খ. রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড কীভাবে দেওয়া হয়? ব্যাখ্যা করো। ২
গ. পাঠ্যপুস্তকের কোন উদ্যোক্তার সাথে জনাব সেলিনা হোসেনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যবসায়ী হিসেবে সফলতার পেছনে তার কোন ধরনের গুণ ভূমিকা রেখেছে — মূল্যায়ন করো। ৪

**৭.▶** প্রথমে আজাদ প্রোডাক্টসের মালিক জনাব আবুল কালাম আজাদ তার বৃত্তির টাকা দিয়ে পোস্টার বিক্রয় করা শুরু করেন। তিনি শহর থেকে পাইকারি দামে পোস্টার কিনে লাভজনক দামে তা নিজ পাড়ায় বিক্রয় করতেন। এরপর কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের ফলে আজ তিনি নিজেই একজন সফল প্রতিষ্ঠানের মালিক।

ক. নার্সিং ট্রেনিং ইন্সটিটিউট-এর প্রতিষ্ঠাতা কে? ১
খ. প্রতিবেদন তৈরি করা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আজাদ কী ধরনের সমস্যার সম্মুখীন হয়ে বর্তমান আজাদ প্রোডাক্টসের প্রতিষ্ঠাতা হয়েছেন তা বর্ণনা করো। ৩
ঘ. আজাদ প্রোডাক্টসের মতো একটি প্রকাশনা প্রতিষ্ঠা করতে কী ধরনের কার্যপ্রক্রিয়া করতে হবে বলে তুমি মনে করো তা বিশ্লেষণ করো। ৪

**৮.▶** শাহিদা বেগম এবং নায়েব আলী বাংলাদেশের উল্লেখযোগ্য দুজন সফল উদ্যোক্তা। তারা চরম হতাশা ও দুর্ভোগের পরেও শ্রম, মেধা, ধৈর্য ও সামান্য পুঁজির সমন্বয় ঘটিয়ে ভাগ্য উন্নয়ন সম্ভব করেছেন। শাহিদা বেগম নিজের গহনা বিক্রয় করে টেইলারিং ব্যবসায় শুরু করেন এবং কর্মচারীদের কাছ থেকেই টেইলারিং শেখেন। অন্যদিকে নায়েব আলী অর্থ হারিয়ে অল্প পুঁজিতে বন্ধুর পরামর্শে হাঁস পালন শুরু করেন। গ্রামের অনেকেই হাসি তামাশা করলেও দৃঢ় মনোবল নিয়ে ছয় মাসের মধ্যেই তিনি একজন আদর্শ হাঁস খামারি হিসেবে এলাকায় পরিচিতি পেয়ে যান।

ক. "স্কয়ার ফার্মাসিউটিক্যালস"-এর প্রতিষ্ঠাতা কে? ১
খ. উদ্যোক্তার সামাজিক দায়িত্ব ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে নায়েব আলীর সফলতার কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি শাহিদা বেগমের গুণাবলি অনুসরণ করতে আগ্রহী? তোমার মতামত দাও। ৪

**৯.▶** আর. পি সাহা খুব ধনী লোকের ঘরে জন্মগ্রহণ না করেও নিজ উদ্যোগ ও কঠোর পরিশ্রমের মাধ্যমে সফল ব্যবসায়ীদের কাতারে দাঁড়াতে সক্ষম হয়েছেন। তিনি তার ব্যবসায়ের অর্জিত মুনাফা দিয়ে মানবতার কল্যাণে বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠান, স্কুল-কলেজ প্রতিষ্ঠা করে গেছেন।

ক. আবুল কাশেম স্কুলে পড়াশোনার মাঝে মাঝে কোথায় যাতায়াত করেতেন? ১
খ. উদ্যোক্তাকে দূরদর্শী হতে হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. 'আর. পি সাহার কর্মকাণ্ড সামাজিক দায়বদ্ধতারই বহিঃপ্রকাশ' — ব্যাখ্যা করো। ৩
ঘ. মানবতার কল্যাণে ও অর্থনৈতিক উন্নয়নে আর. পি. সাহার মতো ব্যবসায়ীদের ভূমিকা মূল্যায়ন করো। ৪

**১০.▶** মাস্টার্স পাসের পর ফৌজিয়া কোনো চাকরি না পেয়ে মায়ের সহায়তায় একটি পোশাক তৈরি ও বিক্রয়ের দোকান দেয়। প্রথম বছর অনেক পরিশ্রম করে সাফল্য পায়। ২য় বছর সে দোকানের একটি নতুন শাখা চালু করে। বর্তমানে তার প্রতিষ্ঠানে ২০ জন কর্মচারী চাকরি করে।

ক. জহুরুল ইসলাম কোন স্কুল থেকে ম্যাট্রিক পাস করেন? ১
খ. উদ্যোক্তা কীভাবে কর্মসংস্থান সুযোগ তৈরি করেন? ব্যাখ্যা করো। ২
গ. ফৌজিয়ার সাথে কোন নারী উদ্যোক্তার মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. ফৌজিয়ার মতো নারী উদ্যোক্তারা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১১.▶** উদ্যোক্তা শিল্প বা ব্যবসায় প্রতিষ্ঠানের কাণ্ডারি। আমাদের দেশের তেমনি একজন কাণ্ডারি হলেন স্যামসন এইচ চৌধুরী। শিল্প সৃষ্টির নেশা তাকে পৌঁছে দিয়েছে সফল শিল্পপতি ও সার্থক উদ্যোক্তার কাতারে। ধৈর্য, অধ্যবসায় ও সততা তাকে এনে দিয়েছে সাফল্য।

ক. কতজন শ্রমিক নিয়ে স্কয়ার ফার্মাসিউটিক্যালস স্থাপিত হয়? ১
খ. স্যামসন এইচ চৌধুরী ফার্মেসিকেই কেন ব্যবসা হিসেবে নেন? ২
গ. একজন সফল উদ্যোক্তা হিসেবে স্যামসন এইচ চৌধুরীর কী কী গুণ ছিল বলে তুমি মনে করো? ৩
ঘ. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে স্যামসন এইচ চৌধুরীর মতো উদ্যোক্তার ভূমিকা বিশ্লেষণ করো। ৪

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | N | ৪ | N | ৫ | K | ৬ | M | ৭ | K | ৮ | L | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | N | ১৩ | N | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | K | ১৯ | N | ২০ | M | ২১ | K | ২২ | N | ২৩ | L | ২৪ | K | ২৫ | M | ২৬ | L | ২৭ | K | ২৮ | K | ২৯ | L | ৩০ | N |